দৈনিক বাংলা

তারিখ 02 MAR 1986 কলাম ১

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাজেট শাখা

নং শাঃ৩/৫প্র/৮৫/২৯৬-শিক্ষা, তারিখঃ ১-৩-১৯৮৬

প্রেরক : টমাস গমেজ,
শাখা প্রধান।

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ অফিসার,
শিক্ষা মন্ত্রণালয়,
৪৫, পুরানাপল্টন, ঢাকা।

বিষয় : বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও অন্যান্য কর্মচারিগণকে সংশোধিত নতুন স্কেলে (Modified New Scales) সরকারী অনুদান এবং বার্ষিক বর্ধিত বেতন (Increment) এবং চিকিৎসা ভাতা প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

আমি আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের (কলেজ, স্কুল ও মাদ্রাসাসমূহের) শিক্ষক ও অন্যান্য কর্মচারিগণকে বর্তমান আর্থিক বৎসরের নিম্নলিখিত হারে সরকারী অনুদান, চিকিৎসা ভাতা এবং একটি বার্ষিক বেতন বৃদ্ধির সমান আর্থিক সুবিধা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন :

(ক) বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকগণকে সরকার কর্তৃক প্রদত্ত বেতন বাবদ অনুদান তাহাদের স্ব স্ব সংশোধিত বেতন স্কেলের প্রারম্ভিক স্তরের ৬০% প্রদান করা হইবে। ইহা ১লা মার্চ, ১৯৮৬ তারিখ হইতে কার্যকর হইবে। তবে ঐসময় হইতে বর্তমানে প্রদত্ত মহার্ঘ ভাতা প্রদান বিলুপ্ত হইবে।

(খ) তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে বর্তমানে যে থোক অনুদান প্রদান করা হইতেছে উহা দ্বিগুণ করা হইবে (অর্থাৎ বর্তমানে একজন তৃতীয় শ্রেণীর কর্মচারী থোক অনুদান হিসাবে ১৪৪/- টাকা পান, ইহা ২৮৮/- টাকায় উন্নীত হইবে। চতুর্থ শ্রেণীর কর্মচারীকে বর্তমানে দেয় অনুদান ১২০/- টাকা অনুরূপভাবে ২৪০/- টাকায় উন্নীত হইবে)।

(গ) প্রত্যেক শিক্ষক ও কর্মচারী বর্তমানে যে একটি ইনক্রিমেন্ট পাইতেছেন তাহা ১৯৮৬ সনের ১লা জানুয়ারী হইতে নিজ নিজ সংশোধিত বেতন স্কেলে বাড়তি হারের একটি ইনক্রিমেন্টের সহিত সমন্বয় করা হইবে।

(ঘ) বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারিগণ ১লা মার্চ, ১৯৮৬ তারিখ হইতে চিকিৎসা ভাতা মাসিক ৬০/- (ষাট) টাকার স্থলে ১০০/- (একশত) টাকা হারে পাইবেন।

২। এই বাবদ ব্যয় ১৩৭-শিক্ষা-২.৮-বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানে প্রত্যক্ষ মঞ্জুরী-বেসরকারী মহাবিদ্যালয়-বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়সমূহ-বেসরকারী মাদ্রাসাসমূহ-বেসরকারী বৌদ্ধ ও সংস্কৃত টোলসমূহ খাতে বরাদ্দকৃত অর্থ হইতে মিটানো হইবে।

৩। এই আদেশ অর্থ বিভাগের সম্মতিক্রমে জারী করা হইল।

আপনার অনুগত,
(টমাস গমেজ)
শাখা প্রধান-৩।

ডিএফপি(স)—৩৩৫২(১৭)(১-৩)
জি—৭৪০

014